

## ফ্রান্সে বাংলাদেশিদের জন্য ই-পাসপোর্ট সেবা চালু

- A Monitor Desk Report

Date: 28 November, 2024



প্যারিস : ফ্রান্সের প্যারিসে বাংলাদেশ দূতাবাসে ই-পাসপোর্ট সেবার উদ্বোধন করা হয়েছে। এক অনুষ্ঠানের মধ্য দিয়ে রোববার সকালে (২৪ নভেম্বর) এ কার্যক্রমের উদ্বোধন করেন ফ্রান্সে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত খন্দকার এমন তালহা।

এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ই-পাসপোর্টের প্রকল্প পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মুহাম্মাদ নুরুস ছালাম পিএসসি।

দূতাবাসের কর্মকর্তা-কর্মচারী, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের উপ-পরিচালকসহ কারিগরি প্রতিনিধি দল এবং ফ্রান্সে বসবাসরত প্রবাসীরা এসময় উপস্থিত ছিলেন।

ফ্রান্স প্রবাসী জাহাঙ্গীর হোসেন এবং মোস্তাক বেগের আবেদন গ্রহণের মাধ্যমে এ কার্যক্রম শুরু হয়।

জানা গেছে, ই-পাসপোর্ট করার জন্য কি কি ডকুমেন্টস লাগবে, ফি কত হবে, কতদিন পরে পাসপোর্ট পাওয়া যাবে— এসব বিষয়ে দূতাবাস থেকে অফিসিয়াল লিফলেটের মাধ্যমে জানানো হবে।

ই-পাসপোর্ট সেবার উদ্বোধনী অনুষ্ঠানে ফ্রান্সের বাংলাদেশ কমিউনিটির সদস্য, প্রিন্ট ও ইলেক্ট্রনিক্স মিডিয়ার সাংবাদিক, সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক সংগঠনের নেতারা উপস্থিত ছিলেন।

প্যারিসের বাংলাদেশ দূতাবাসে ই-পাসপোর্ট সেবা চালু করার জন্য দীর্ঘদিনের দাবি ছিল। অবশেষে এ সেবা চালু হওয়ায় প্রবাসী বাংলাদেশিদের মধ্যে উচ্ছাস দেখা গেছে।